Vol. 35 | No. 1 | 1991

Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

ফরাশি-বাংলা অভিধান ও ব্যাকরণ

Volume	35
Issue	1
Year	1991
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	মাহমুদ শাহ কোরেশী
Published online	October 1, 1991
DOI	10.62328/sp.v35i1.3
Link to article	https://doi.org/10.62328/sp.v35i1.3
Pages	33-44
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

Check for updates

ফরাশি-বাংলা অভিধান ও ব্যাকরণ

মাহমুদ শাহ কোরেশী

বিদেশী ভাষা শেখা ও শেখানোর দুটি বড় হাতিয়ার হচ্ছে অভিধান ও ব্যাকরণ। আজকাল অবশ্য পৃথিবীর সব উন্নত দেশে ভাষাপ্রবেশক পাঠ্যপুস্তকের ছড়াছড়ি দেখা যায়। মানবিক কৌতূহল থেকে ভাষাবিজ্ঞানের প্রযুক্তিগত জ্ঞান জাহিরের অভিলাষে এগুলো তৈরী হচ্ছে। যে–বই কয়েক বছর খুব বেশী চললো তাদের শিক্ষক ও অন্যান্য বিশেষজ্ঞরা মিলে ঠিক করেন যে— না, এটা আর চলতে পারে না; বড্ড সেকেলে। শুরু হলো নতুন কলম, নতুন বই। এগুলো আর যাই হোক খুবই চমকপ্রদ! বাংলাদেশের পরিস্থিতি ভিন্ন। প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য বিদেশী সাহায্যে বা এককভাবে দেশী বিশেষজ্ঞরা বই তৈরী করেছেন কিন্তু তাতে ভাষাবিজ্ঞানের প্রযুক্তি ও সার্বিক পরিকল্পনা নেওয়া হয়েছে বলে মনে হয় না। নেওয়া হলে পরিস্থিতি এখন যেখানে দাঁড়িয়েছে সেখানে আসতো না। যাহোক, প্রসঙ্গটি উত্থাপিত হলো মূলত ফরাশি-বাংলা অভিধান ও ব্যাকরণের কথা মনে করে। এবং তাও ঐতিহাসিক পরিপ্রেক্ষিতে। সম্প্রতি আমরা একটি প্রথম ফরাশি-বাংলা অভিধানের খোঁজ পেয়েছি। এটি অবশ্য প্রথম দৃষ্টি আকর্ষণ করেছিলো ভাষাচার্য ড. সুনীতি চট্টোপাধ্যায়ের। সম্প্রতি বাংলাদেশের একজন ফরাশি ভাষার শিক্ষক, শিশির ভট্টাচার্য তাঁর অনুসরণে এ বিষয়ে একটি ছোট্ট প্রবন্ধ লিখেছেন। প্রবন্ধটি আলিয়ঁস ফ্রঁসেজ্ দ্য ঢাকা থেকে উক্ত প্রতিষ্ঠানের মুখপত্র মাসিক 'দেস্তা'র পনের সংখ্যায় (জুলাই, ১৯৯১) ফরাশি ভাষায় প্রকাশিত।

উপরোক্ত সূত্রে আমরা জানতে পারছি যে, প্রথম ফরাশি–বাংলা অভিধান সংকলিত হয় ১৭৮১ খ্রীষ্টাব্দে অর্থাৎ আজ থেকে দুশো দশ বছর আগে। অধিভানটির রচয়িতা ওগুস্তিয়োঁ ওম্যর্স সে সময়ে চন্দন নগরস্থ ফরাশি সরকারের

দোভাষী রূপে কাজ করতেন। কোনো অজ্ঞতকারণে সে বছর কলকাতায় এসে তাঁকে জেল খাটতে হয়। তবে এই জেল খাটা বৃথা যায়নি। জেলে অবস্থানের প্রথম দিন থেকে ছ'মাসের মধ্যে তিনি *ফরাশি–বাংলা অভিধান* সমাপ্ত করেন। এটি বর্তমানে প্যারিসের 'বিবলিও থেকে নাসিও নাল্' -এর আর্কাইভে সংগৃহীত রয়েছে। সংগ্রহ সংখ্যা ৭৩০; ভারতীয় পাণ্ডুলিপির সংযোজন সংখ্যা ৮৪।

ওম্‌র্স-র হাতে লেখা চারটি অভিধান রয়েছে ফরাশি জাতীয় গ্রন্থাগারটিতে। এগুলো কখনো প্রকাশিত হয়নি। যে প্রথম অভিধানটির কথা বলা হলো তার শব্দ সংখ্যা আনুমানিক বারো হাজার পাঁচশো। বাংলা প্রতিশব্দের সংখ্যা দু-তিন গুণ বেশী। ওম্‌র্স জেলখানায় ঢোকার দিন অর্থাৎ ১০ মার্চ ১৭৮১ কাজ শুরু করে সমাপ্ত করেছিলেন সে বছরের ৩১শে অগাষ্ট। দু বছর পর তিনি অভিধানটি সংশোধন করে বাংলা কাগজে কপি করেন। উল্লেখ্য যে বাংলা শব্দগুলো রোমান হরফেই লেখা হয়েছে এবং অভিধানটির পৃষ্ঠা সংখ্যা ছিলো ৩৬০।

এ ছাড়া ১৭৮২ সালে সংকলিত তাঁর আরেকটি কাজ : একই সূত্র থেকে উদ্ভূত ফরাশি, ফার্সি, উর্দু ও বাংলা শব্দের তালিকা। এটি মাত্র ১২ পৃষ্ঠার পাণ্ডুলিপি (একই সংগ্রহে রয়েছে; নম্বর ৭২৭; ভারতীয় পাণ্ডুলিপি শাখার নম্বর ৮১)।

ভারতীয়দের দ্বারা ব্যবহৃত ফরাশি, ইংরেজি, ফার্সি, উর্দু, বাংলা ও পর্তুগীজ শব্দের একটি সংকলন গ্রন্থ হচ্ছে তাঁর তৃতীয় কাজ। ৩,৭০০ কি ৩, ৮০০ শব্দ রয়েছে এতে। ইংরেজি কাগজে লেখা পাণ্ডুলিপির পৃষ্ঠা সংখ্যা ১৯৬; ১৭৮২ সনে চন্দননগরে (ফরাশিরা যাকে বলেন 'শঁদের নাগর') ওম্‌র্স এই কাজটি সমাপ্ত করেন।

চতুর্থ কাজটি হলো *ফরাশি–বাংলা অভিধান* যাতে রয়েছে প্রায় ১১ হাজার শব্দ এবং যার বাংলা প্রতিশব্দ হলো প্রায় ৩০ হাজার। রোমান অক্ষরে। ইংরেজি কাগজে ১৭৮৩ সনে লিখিত এই অভিধানের পৃষ্ঠা সংখ্যা ৩৮৪ পৃষ্ঠা। এটি সম্ভবত প্রথমটির সংশোধিত সংকলন।

১৯৬২ সনে পেন্‌সিলভানিয়াতে এ্যামেরিকান অরিয়েন্টাল সোসাইটি পরিদর্শনে গিয়ে সেখানকার গ্রন্থাগারে সম্ভবত ১৮৪২ সনে রচিত ইংরেজি-ফরাশি-বাংলা ত্রিভাষিক অভিধানের সন্ধান পেয়েছিলাম। এবছর চট্টগ্রামে প্রথম ফরাশি-বাংলা অভিধান তৈরী হচ্ছে। ফরাশি ভাষাবিজ্ঞানী গগেনেমের ফাণ্ডামেন্টাল (মৌলিক) অভিধানের ভিত্তিতে এটি তৈরী করেছেন চট্টগ্রাম আলিয়ঁস ফ্রসেজের শিক্ষক গুরুপদ চক্রবর্তী। আমি এর ব্যাপক সংশোধন

সংযোজন করে দিয়েছি। বর্তমানে তা মুদ্রণের মধ্য পর্যায়ে। ফরাশি বর্ণমালার কিছু চিহ্ন, আন্তর্জাতিক ধ্বনিতাত্ত্বিক অক্ষর ব্যবহার এই অভিধান ছাপার কাজে মারাত্মক সমস্যার সৃষ্টি করছে। এই অভিধান প্রকাশিত হলে একটি বড় কাজ সম্পন্ন হবে। এবং এর পর 'বাংলা-ফরাশি অভিধান' প্রস্তুত হলে ও প্রকাশ লাভ করলে আমরা বাংলাভাষীদের ফরাশি শেখানোর এবং ফরাশিদের বাংলা পড়ানোর প্রাথমিক কাজ সমাপ্ত করতে পারবো। দু'শো দশ বছর আগে যা শুরু হয়েছিলো তার সঙ্গত পরিণতি ঘটবে।

অভিধানের পর আসে ব্যাকরণের কথা। চন্দননগর বা অন্যত্র ফরাশিদের জন্য বাংলা ব্যাকরণ এবং একটি ছাড়া বাঙালিদের জন্য ফরাশি ব্যাকরণ রচনার প্রয়াস হয়েছে কিনা তা আমার জানা নাই। তবে ষাটের দশকে জিল্ ফিলিবের ও আমি যখন প্যারিসে প্রাচ্যভাষার স্কুলে, যা ছিলো E. N. L. O. V. এবং W এখন I. N. L. O. V. (Institut National des Langues Uorientales Vivantes), বংলা পড়াতাম তখন ফরাশি সাহেব, ইংরেজ সাহেব সাটন পেজ-এর অনুকরণে বাংলা ব্যাকরণের রূপরেখা দাঁড় করানোর প্রয়াস পাচ্ছিলেন বলে জানতাম। পরে সেদেশে এ বিষয়ে কিছু হয়েছে কিনা জানিনা। তবে ১৮৭১ সালে প্রকাশিত বাংলায় রচিত একটি ফরাশি ভাষার ব্যাকরণ আমার ব্যক্তিগত সংগ্রহে রয়েছে। বইটির শিরনাম একটু দীর্ঘ, ABREGE DE LA GRAMMAIRE FRANCAISE EN BENGAL AL'USAGE DE L'ECOLE GRATUITE DE CHANDERNAGOR ।। চন্দননগরীয় দাতব্য বিদ্যালয়ের ছাত্রদিগের ব্যবহারার্থ ফরাসিস ভাষার ব্যাকরণ বাঙ্গালা ভাষায় প্রণীত। ।। Calcutta: Imprimerie de p.s.d'ROZARIO ETCIE (পি.এস.ডি. রোজারিও এ্যাণ্ড কোম্পানীর প্রেস)।। ১৮৭১ গ্রন্থকারের নাম উল্লেখ করা হয়নি। তবে 'বিজ্ঞাপন' তথা ভূমিকা লেখকরূপে আমরা বার্থের নাম পাই। কিন্তু তিনিই প্রকৃত লেখক কিনা বোঝার উপায় নেই। কেননা 'বিজ্ঞাপনের ৫ম পঙক্তিতে লেখা রয়েছে নোয়েল ও ষাপচশাল সাহেবের 'ফরাসিস সংক্ষিপ্ত ব্যাকরণ হইতে সরল বঙ্গভাষায় পুস্তকটি সংকলিত।' এতে বিশেষভাবে সহায়তা করেছেন চন্দননগরের নন্দলাল বসু।

'বিজ্ঞাপনের' শেষ পঙক্তিতে উল্লেখ করা হয়েছে মহাত্মা ফেনেলন সাহেবের ফরাসিস ভাষায় সুললিত ও মনোহর রচনার প্রচারের কথা। তাহলে এই ফেনেলন (হয়তো ফেনেলো'-ই হবে যথার্থ উচ্চারণ)-ই কি ব্যাকরণটির আসল রচয়িতা? বার্থে (আসলে হয়তো (বর্থ) তাহলে কে প্রকাশক বা ভূমিকালেখক? বিষয়টির

সুস্পষ্ট নিষ্পত্তি না হলেও ১২০ বছর আগের রচনা ব্যাকরণটি যথেষ্ট সুপাঠ্য ও প্রাঞ্জল। সময়ের ছাপ অবশ্যই আছে শুধু বাংলার ক্ষেত্রে নয়। ফরাশি উদাহরণের ক্ষেত্রেও। ১২ পৃষ্ঠা থেকে একটি নমুনা দেওয়া গেল নীচে :

> Une fille sensible. modeste et obeissante sera une bonne mere et une epouse vertueuse এক অনভিমানিনী ও আজ্ঞানুবর্ত্তিনী বালিকা হইবে এক গুণবতী স্ত্রী ও ধার্ম্মিকা মাতা।

এতদসত্ত্বেও বৈয়াকরণিক অনেক জটিল বিষয় সরলভাবেই উপস্থাপন করেছেন যা এখনও শিক্ষক-শিক্ষার্থী উভয়েরই কাজে আসতে পারে। কাল সম্পর্কে একটি মন্তব্য এখানে উদ্ধৃত করছি :

> বাঙ্গালা ভাষায় তিন কালের অধিক নাই, কিন্তু ফরাসি ভাষায় অতীত কাল পাঁচ প্রকারে ও ভবিষ্যৎকাল দুই প্রকারে লেখা যায়; এজন্য অনেক কাল ফরাসি ভাষায় আছে যাহা বাঙ্গালা ভাষায় অনুবাদ হয় না; ফরাসি ভাষা পাঠ করিয়া ছাত্রেরা সকল কালের ভিন্নতা জানিতে পারিবেন। (পৃ ৩৩)।

এখানে লক্ষণীয় ফরাশি ভাষা 'ফরাসিস' নয়। 'ফরাসি' হয়ে গেছে। ব্যাকরণটির একটি প্রতীক বৈশিষ্ট্য হলো সম্প্রতিকালের ভাষাবিজ্ঞানসম্মত পাঠ্যপুস্তক-গুলোতে ব্যাকরণ সম্পর্কীয় যেসব অধ্যায় বা অংশ রয়েছে তাতে অনেক জটিল বিষয় বা মজার মজার শব্দ ও বাক্যাংশ পাওয়া যাবে না যা এগ্রন্থে মিলবে। অবশ্য এটা হয়তো পৃথিবীর তাবত প্রাচীন গ্রন্থাদিরই বৈশিষ্ট্য। আরেকটি বৈশিষ্ট্য হলো : 'সৃকার তৃতীয় পুরুষে সম্মানার্থ তিনি করেন' ইত্যাদির ব্যবহার করলেও দ্বিতীয় পুরুষে ব্যাপকভাবে তুই, তুমি, লিখেছেন (সূত্র ৮৩, ৯৪) Vous-র অনুবাদে 'আপনি, আপনারা' দেখা গেল না। একেবারে শেষদিকে এসে ৯১ পৃষ্ঠার ৩১২ সূত্রে একটি উদাহরণ দিতে গিয়ে 'আপনি' দেখা গেল; যথা :

> Madame, ites vous Ia me´re de cet enfant? Je Ia suis ঠাকুরাণী— আপনি কি এই শিশুর মাতা? আমি হই।

বাংলাভাষী বা বাংলাজানা বিদেশীদের মধ্যে কি সেকালে 'আপনি' ব্যবহারে কিছু অনীহা ছিলো? ফরাশি ব্যাকরণটি ১১১ পৃষ্ঠায় সমাপ্ত। সূত্র সংখ্যা ৩৭৮। স্বল্পপরিসরে এতো অধিক বিষয় এবং এতো জটিল বিষয় সংক্ষিপ্ত ও সহজবোধ্যরূপে পরিবেশন করতে খুব কম গ্রন্থেই দেখা যায়। আজকের কোনো ভাষা গবেষণা বা প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যাকরণটির পুনর্মুদ্রনের কথা বিবেচনা করতে পারেন।

Boire, Sucer	tchoumouq diee (চুমুক দিতে), chouchite (শুষিতে)
Bochtom, (বষ্টম) faquir:	
Dervice (=দরবেশ)	Boechniob (বৈষ্ণ্যব=বৈষ্ণব)
Depence aisee	Goudzerane (গুজরান)
Dejeuner, Gouster	Dzolpane corite (জলপান করিতে), adzeri qhaite (হাজেরি খাইতে)
Parente (আত্মীয়)	Coutoumbei (কুটুম্বী), gouchtie (গুষ্ঠী), Pourouche (পুরুষ)
Pauvre diabie, Pouvre,	Qhidarto (খিদার্ত্ত=ক্ষুধার্ত্ত), doriddro (দরিদ্র), cangal (কাঙ্গাল)
deperi (কাঙ্গাল)	
Sans employ, Service	Nichtchenndy (নিশ্চিন্দি)
Trouce, cassee ch (ose)	Tchira (চিরা, ছিঁড়া), bhanga bost (ভাঙ্গা বস্ত=বস্তু)
Tremblement de terre	Bhouin chal (ভুঁই চাল), bhouin commpo (ভুঁই কম্প)
Tranquille, quiet	Tchoupia (চুপিয়া), chamio (শাম্য), nibbrode (নিব্‌ব্রোদ=নির্ব্বিরোধ)
Viande de boucherie	Ocaddy (অখাদ্যি), heria (এড়া), mangcho
(অর্থ, কসাইখানার মাংস)	(মাংস), gocht (গোস্ত) couroupa (কুরুপা),
Villaine, ch(ose) villaine	Coutchitta bost (কুচ্ছিতা বস্ত=কুৎসিত বস্তু)

বাহুল্য ভয়ে আর অধিক দেওয়া গেল না।'— শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়। (ওম্‌সঁর ব্যাকরণের সুনীতি চট্টোপাধ্যায় উদ্ধৃত অংশ)

ABRE´GE´

DE LA

GRAMMAIRE FRANCAISE

EN

BENGALI

A L'USAGE DE L'E´COLE GRATUITE

DE

CHANDERNAGOR.

চন্দ্রননগরীয় দাতব্য বিদ্যালয়ের ছাত্রদিগের ব্যবহারার্থ ফরাসিস্ ভাষার সংক্ষিপ্ত ব্যাকরণ বাঙ্গালা ভাষায় প্রণীত।

CALCUTTA :
IMPRIMERIE DE P. S. D'ROZARIO ET CIE.
1871.

বিজ্ঞাপন।

ফরাসিস্ দাতব্য বিদ্যালয়ের ছাত্রদিগের ব্যাকরণান্তর্গত কঠিনতা দূরীকরণ ও তদ্দারা ফরাসিস্ ভাষার উন্নতি সাধন এই অভিনব পুস্তকের প্রধান উদ্দেশ্য। ফরাসিস্ ভাষার ব্যাকরণ বালকদিগের পক্ষে সহজে বোধগম্য হওয়া অতি দুরূহ, অতএব ছাত্রবর্গের সহজে বোধগম্য করণার্থ মহাত্মা নোয়েল ও যাপ্‌শাল সাহেবের ফরাসিস্ সংক্ষিপ্ত ব্যাকরণ হইতে সরল বঙ্গ ভাষায় এই পুস্তক সংগৃহীত হইল। যে সকল সূত্র অতি সুকঠিন এবং ফরাসিস্ ভাষায় বিশেষ অধিকার না জন্মাইলে যাহা বুঝিতে পারা যায় না, এরূপ সূত্র সকল পরিত্যাগ করা হইল, এবং যাহাতে ছাত্রগণেরা কঠিন ও অস্পষ্ট নিয়ম সকল সহজে বুঝিতে পারে তাহাও এই পুস্তকে প্রকটন করা হইল।

এতদ্দেশীয় ফরাসিস্ ভাষা পাঠাভিলাষী জ্ঞানবান্ জনগণের উক্ত বিদ্যোপার্জনে বিশেষ উপকার জন্মে ইহা এই পুস্তকের অপর উদ্দেশ্য। ফরাসিস্ ভাষা এই অসীম ভূ-খণ্ডের প্রায় চতুঃপার্শ্বে ব্যাপ্ত, এবং ইউরোপীয় দেশের প্রায় সকল রাজসম্পর্কীয় বিষয়ে প্রচলিত। পুরাবৃত্ত, সুললিত ছন্দ মনোহর রচনা দ্বারা গদ্য পদ্য সম্বলিত সাহিত্য বিদ্যার প্রধান পুস্তক সকল, ও ন্যায় শাস্ত্র, দর্শন শাস্ত্রের প্রসিদ্ধ পুস্তক সকল ফরাসিস্ ভাষায় রচিত আছে।

জন সমাজে এই অভিনব পুস্তক প্রেরণ করা কেবল চন্দননগর নিবাসী শ্রীযুক্ত বাবু নন্দলাল বসু মহাশয়ের বিশেষ উৎসাহ ও সহায়তা বশতঃ। তিনি দৃঢ়তর মনোনিবেশ করিয়া ও ব্যগ্রচিত্ত হইয়া এই অনুবাদে যথোচিত সাহায্য করিয়াছেন।

আমরা যে সময়ে এই পুস্তক প্রকাশে কৃত সংকল্প হইলাম, সে সময় অতি দুরূহ, দেশের হিত সাধনে কতদূর কৃতকার্য্য হইব বলিতে পারি না। যাহাতে মহাত্মা ফেনেলন সাহেবের ফরাসিস্ ভাষার সুললিত ও মনোহর রচনা এই ধরণীমণ্ডলে প্রচার হয়, এবং যাহাতে ফরাসিস্ দাতব্য বিদ্যালয়ের প্রিয়তম ছাত্রদিগের বিদ্যার উন্নতি হয় এই আমাদিগের নিতান্ত অভিপ্রায়।

১লা সেপটম্বর, ১৮৭১। বার্থে।

TABLE DES MATIE RES.
(নির্ঘন্ট)

Page.

Introduction (উপক্রমণিকা) 1

Signes Orthographiques (বর্ণ প্রকরণ সম্বন্ধীয় চিহ্ন) 4

(প্রথম অধ্যায় Substantif (বিশেষ্য), 5

Formation du pluriel dans les Substantifs
(বিশেষ্য পদের বহুবচন করণ), 7

Comple´ment du´ Substantif
(বিশেষ্য পদের অর্থ সম্পূর্ণ কারক পদ), 9

দ্বিতীয় অধ্যায়। Article (নিশ্চায়ক পদ), ib.

তৃতীয় অধ্যায়। Adjectif (বিশেষণ), 11

Adjectifs qualificatifs (গুণবাচক বিশেষণ), ib

Formation du fe´minin dans les adjectifs
qualificatifs., (গুণবাচক বিশেষণ পদের স্ত্রীলিঙ্গ করণ), 12

Formation du pluriel dans les Adjectifs,

	Page.
(বিশেষণ পদের বহুবচন করণ),	15
Accord de I'Adjectif avec le Substantif.	
(বিশেষণের বিশেষ্য পদের সহিত সমভাবতা),	16
Compleme´nt des Adjectifs qualificatifs.	
(গুণবাচক বিশেষণ পদের অর্থের সম্পূর্ণতা),	ib
Adjectifs de´terminatifs, (নির্দ্ধারিত বোধক বিশেষণ),	17
Adjectifs nume´raux, (গণনাবাচক বিশেষণ),	ib.
Adjectifs de´monstratifs, (উদ্দেশক বিশেষণ), ...	18
Adjectifs possessifs, (অধিকার বাচক বিশেষণ),	ib.
Adjectifs inde´finis, (সামান্য বাচক বিশেষণ),	19
চতুর্থ অধ্যায়। Pronoms, (সর্ব্বনাম),	ib
Pronoms personnels, (পুরুষ বাচক সর্ব্বনাম),	20
Pronoms de´monstratifs, (উদ্দেশক সর্ব্বনাম),	21
Pronoms possessifs (অধিকার বাচক সর্ব্বনাম),	22
Pronoms relatifs, (সাপেক্ষ সর্ব্বনাম),	23
Pronoms inde´finis, (সামান্য বাচক সর্ব্বনাম),	ib.
Comple´ment des pronoms,	
(সর্ব্বনামের ভাবার্থ পূর্ণ কারক পদ),	24
পঞ্চম অধ্যায়। Verbe (ক্রিয়া),	ib.
Sujet du Verbe, (ক্রিয়ার কর্ত্তা),	26
Comple´ment du Verbe ou re´gime,	
(ক্রিয়ার অর্থ সম্পূর্ণকারক পদ)	ib.
Modifications du verbe, (ক্রিয়াপদের রূপান্তর),	29
Mode, (অর্থানুযায়ী রূপ);	ib.
Temps, (কাল),	30

	Page.
Conjugaison.	32
Radical et Terminaison, (মূল ও শেষভাগ),	33
Verbe auxiliaire Avoir (সহকারী ক্রিয়া পাওয়া),	34
Verbe auxiliaire Etre (সহকারি ক্রিয়া থাকা বা হওয়া),	35
Diffe´rentes sortes de verbes adjectifs. (নানা প্রকার বিশেষণ ক্রিয়া),	36
Verbe actif. (সকর্ম্মক ক্রিয়া),	ib.
Premie´re conjugaison en er. Aimer (ভালবাসা),	37
Observations sur certains verbes de la premie´re conjugaison, (প্রথম প্রকার রূপের কতকগুলি ক্রিয়া বিষয়ের টিপ্পনী),	39
Deuxie´me conjugaison en ir. Finir. (সম্পূর্ণ করা)	44
Observations sur quelques verbes de la deuxieme conjugaison.	45
Troisie´me conjugaison en oir. Recevoir, (পাওয়া),	46
Observations sur quelques verbes de la troisie´me conjugaison,	47
Quatrie´me conjugaison en re. Rendre (ফিরাইয়া দেওয়া),	48
Observations sur quelques verbes de la quatrie´me conjugaison,	49
Conjugaison interrogative, (প্রশ্নবোধক ক্রিয়ার রূপ),	ib.
Conjugaisoninterrogative du verbe Parler, (কথাকহা),	50
Verbe Passif, (কর্ম্ম বাচ্য ক্রিয়া),	51
Verbe Neutre, (অকর্ম্মক ক্রিয়া),	53

	Page.
Conjugaison du verbe neutre partir.	54
Verbe pronominal.	56
Verbe unipersonnel.	59
Formation des temps.	ib.
Verbes irre´guliers. (নিপাত্য ক্রিয়া),	61
Tableau des verbes irre´guliers. (প্রথম প্রকার),	63
" " (দ্বিতীয় প্রকার),	66
Observations sur la conjugaison des verbes irre´guliers.	69
ক্রিয়ার কর্ত্তার সঙ্গে ঐক্যতা,	74
ষষ্ঠ অধ্যায়, Participe.	ib.
Participe Pre´sent,	75
Participe Passe´,	ib.
সপ্তম অধ্যায়, Adverbe. (গুণকর্ম্ম বিশেষণ),	76
অষ্টম অধ্যায়, Pre´position (বিভক্তি প্রতিরূপক অব্যয়),	77
নবম অধ্যায়, Conjonction. (সংযোজক পদ),	79
দশম অধ্যায়, Interjection. (অন্তঃসূচক পদ),	81
একাদশ অধ্যায়, Orthographe des differentes sortes de most; (নানাপ্রকার পদের বর্ণ প্রকরণ),	ib.
Nom. (বিশেষ্য),	81
Pluriel des noms. (বিশেষ্যের বহুবচন),	83
Orthographe des noms compose´s মিশ্র বিশেষ্যের বর্ণ প্রকরণ),	84
দ্বাদশ অধ্যায়। (Article নিশ্চায়ক পদ), ...	86
ত্রয়োদশ অধ্যায়। Adjectif. (বিশেষণ),	87

	Page.
Adjectifs qualificatifs (গুণবাচক বিশেষণ),	ib.
Adjectifs de´terminatifs (নির্দ্ধারিত বোধক বিশেষণ),	89
চতুর্দ্দশ অধ্যায়। Pronoms (সর্ব্বনাম),	91
Pronoms personnels. (পুরুষ বাচক সর্ব্বনাম),	ib.
Pronoms de´monstratifs (উদ্দেশক সর্ব্বনাম),	92
Pronoms relatifs. (সাপেক্ষ সর্ব্বনাম),	93
Pronoms inde´finis (সামান্য বাচক সর্ব্বনাম),	ib.
পঞ্চদশ অধ্যায়। Verbe. (ক্রিয়া) Place du sujet. (কর্ত্তার স্থান),	94
Accord du verbe avec son sujet (ক্রিয়ার কর্ত্তার সহিত ঐক্যতা),	95
Comple´ments du Verbe. (ক্রিয়ার অর্থ সম্পূর্ণ কারক পদ),	97
Emploi des temps du verbe. (ক্রিয়ার কাল ব্যবহার করার বিষয়),	98
ষোড়শ অধ্যায়। Participe. (অসমাপিকা ক্রিয়া) Participe pre´sent.– Adjectif verbal,	99
Participe passe´.	100
সপ্তদশ অধ্যায়। Adverbe (গুণকর্ম্ম বিশেষণ),	103
অষ্টাদশ অধ্যায়। Pre´position (বিভক্তি প্রতিরূপক অব্যয়),	104
ঊনবিংশতি অধ্যায়, Conjonction (সংযোজক পদ),	105
Emploi des signes orthographiques, (বর্ণ প্রকরণের চিহ্ন সকল ব্যবহার করিবার বিষয়),	106
Emploi de l'apostrophe,	107
Emploi du trait d'union,	ib.
Emploi des signes de ponctuation (পদের নির্দ্ধারিত মতে ছেদ ব্যবহার করণ),	108

	Page.
Virgule (,) (চিহ্ন ব্যবহারের বিষয়),	ib.
Point-virgule (;) (চিহ্ন ব্যবহারের বিষয়)	ib.
Deux points (:) (চিহ্ন ব্যবহারের বিষয়),	100
Point (·) (চিহ্ন ব্যবহারের বিষয়),	ib.
Point d'interrogation (?) (চিহ্ন ব্যবহারের বিষয়),	110
Point d'exclamation (!) (চিহ্ন ব্যবহারের বিষয়),	ib.
Tiret (–) (চিহ্ন ব্যবহারের বিষয়),	ib.
Parenthe´se, ( ) (চিহ্ন ব্যবহারের বিষয়),	ib.
Guillemets, (" ") (চিহ্ন ব্যবহারের বিষয়),	111